

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণিঃ ৮ম

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

এ্যাসাইনমেন্টের ক্রম	অধ্যায় ও বিষয় বস্তুর শিরোনাম	এ্যাসাইনমেন্ট/নির্ধারিতকাজ	মূল্যায়ন নির্দেশক
নির্ধারিত কাজ-১	প্রথম অধ্যায় পাঠ-১ ও ২, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব পাঠ-২ কর্মসূজন ও কর্মপ্রাপ্তিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পাঠ-৩, যোগাযোগ পাঠ-৪ ব্যবসায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির গুরুত্ব পাঠ-৫ সরকারি কর্মকাণ্ডে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োগ পাঠ-৬, চিকিৎসা পাঠ- ৭, গবেষণা	একজন ব্যক্তি সরকারের গৃহীত তথ্য ও যোগাযোগ ভিত্তিক সেবা থেকে কীভাবে সহযোগিতা পেতে পারেন? বিষয়টির একটি শিরোনাম দিয়ে (২৫০ শব্দের মধ্যে) একটি প্রবন্ধ লিখ। [প্রবন্ধে যা যা থাকবে- <ul style="list-style-type: none"> ভূমিকা সেবাসমূহের তালিকা ডিজিটাল বাংলাদেশ ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রযুক্তিভিত্তিক সেবার গুরুত্ব উপসংহার] 	<ul style="list-style-type: none"> বিষয় বস্তুগত সম্পর্কে ধারণা নির্ভুল তথ্য ও যুক্তিসংগত ব্যাখ্যা প্রদান ব্যক্তিগত অভিজ্ঞতার সমন্বয় চাহিদা অনুযায়ী উত্তর প্রদানে সক্ষমতা

শ্রেণি: অষ্টম

বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

এ্যাসাইনমেন্টের ক্রম	অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম	এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ	মূল্যায়ন নির্দেশক
নির্ধারিত কাজ-১	প্রথম ও দ্বিতীয় অধ্যায়: <ul style="list-style-type: none"> ঈশ্বরের স্বরূপ ধর্মগ্রন্থ 	সংক্ষিপ্ত প্রশ্ন:	
		১। জ্ঞানীর দৃষ্টিতে ঈশ্বরের স্বরূপ কি?	১। জ্ঞানীর দৃষ্টিতে ঈশ্বরের স্বরূপ সমূহ
		২। ঈশ্বর কিভাবে জীবের দেহে অবস্থান করেন?	২। জীবের দেহে ঈশ্বরের অবস্থানের বর্ণনা
		৩। শেতাশ্বতর উপনিষদ কাকে বলে?	৩। শেতাশ্বতর উপনিষদ সঙ্গী
		৪। ষড়্‌শ্লোকের অন্তর্ভুক্ত বিষয়সমূহ কী কী?	৪। ষড়্‌শ্লোকের অন্তর্ভুক্ত বিষয়সমূহ
		৫। ধর্মাচরণে ঋগবেদ পাঠের প্রয়োজনীয়তা কী?	৫। ধর্মাচরণে ঋগবেদ পাঠের প্রয়োজনীয়তাসমূহ

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি-অষ্টম

বিষয়: বিজ্ঞান

এ্যাসাইনমেন্টের ক্রম	অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম	এ্যাসাইনমেন্ট/নির্ধারিতকাজ	মূল্যায়ন নির্দেশক
নির্ধারিত কাজ-১	প্রথম অধ্যায়ঃ প্রাণি জগতের শ্রেণি বিন্যাস পাঠ -১ : প্রাণি জগতের শ্রেণিবিন্যাস পাঠ -২-৫ : অমেরুদণ্ডী প্রাণীর শ্রেণি বিন্যাস পাঠ ৬-৮: মেরুদণ্ডী প্রাণীর শ্রেণি বিন্যাস পাঠ -৯ : শ্রেণি বিন্যাসের প্রয়োজনীয়তা দ্বিতীয় অধ্যায়ঃ জীবের বৃদ্ধি ও বংশগতি পাঠ -১ : কোষ বিভাজনের প্রকারভেদ পাঠ -২ : মাইটোসিস কোষ বিভাজন পদ্ধতি পাঠ -৩ : প্রো-মেটাফেজ, মেটাফেজ, অ্যানাফেজ ও টেলোফেজ পাঠ -৪ : টেলোফেজ পাঠ ৫-৬ : মিয়োসিস পাঠ ৭-৯ : বংশগতি নির্ধারণে ক্রোমোজোম, DNA ও RNA এর ভূমিকা তৃতীয় অধ্যায়ঃ ব্যাপন, অভিস্রবণ ও প্রস্বেদন পাঠ ১-২ : ব্যাপন পাঠ -৩ : অভিস্রবণ পাঠ ৪ : অভিস্রবণের গুরুত্ব পাঠ -৬ : প্রস্বেদন পাঠ -৭ : প্রস্বেদনের গুরুত্ব পাঠ -৫ : উদ্ভিদের পানি ও খনিজ লবণ শোষণ পাঠ ৮-১০ : পানি ও খনিজ লবণের পরিবহন	নিধিতাদের বাগানে পেয়ারা গাছে পানি দিতে গিয়ে দেখল, ছোট পেয়ারা গাছটি ছয় মাসে অনেক লম্বা হয়েছে। সেতার মায়ের কাছে জানল, কোষ বিভাজনের কারণে এমন হয়েছে। পরে মা গাছটিতে কিছু জৈব সার প্রয়োগ করলেন। মেয়ে মাকে জিজ্ঞেস করল, "মা, তুমি মাটিতে সার দিচ্ছ, কিন্তু তা পাতায় পৌঁছাবে কী করে"। মা জানালেন "এক বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে"। ১। ক) কোষ বিভাজন কাকে বলে? খ) মিয়োসিস কোষ বিভাজন কে ছাস মূলক বিভাজন বলা হয় কেন? ব্যাখ্যা কর। গ) উদ্ভীপকে উল্লিখিত বিভাজন প্রক্রিয়ার দীর্ঘস্থায়ী ধাপটি উদ্ভিদের বৃদ্ধিতে কীভাবে ভূমিকা রাখে- ব্যাখ্যা কর। ঘ) মায়ের উত্তরে বলা বিশেষ প্রক্রিয়াটির গুরুত্ব উদ্ভিদের জীবনে কত খানি-তা বিশ্লেষণ কর।	ক. কোষ বিভাজনের সংজ্ঞা সঠিকভাবে লিখতে পারার দক্ষতা খ. মিয়োসিস কোষ বিভাজনের বৈশিষ্ট্য জেনে সঠিকভাবে ব্যাখ্যা করতে পারার দক্ষতা গ. মাইটোসিস কোষ বিভাজনের মধ্যে ক্যারিও কাইনেসিস ধাপের প্রথম ধাপ প্রোফেজ জানতে পারলে উদ্ভিদের বৃদ্ধিতে কিভাবে ভূমিকা রাখবে তার সক্ষমতা যাচাই ঘ. উদ্ভিদের ব্যাপন, অভিস্রবণ, উদ্ভিদের পানি ও খনিজ লবণ শোষণ ইত্যাদির উপর ধারণা নিয়ে প্রক্রিয়াটির গুরুত্ব বিশ্লেষণ ও যুক্তিসঙ্গত ব্যাখ্যা প্রদান

শ্রেণি: অষ্টম

বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

এ্যাসাইনমেন্টের ক্রম	অধ্যায় ও বিষয় বস্তুর শিরোনাম	এ্যাসাইনমেন্ট/নির্ধারিতকাজ	মূল্যায়ন নির্দেশক
নির্ধারিত কাজ-১	অধ্যায়- ১ম আকাইদ	সংক্ষিপ্ত প্রশ্ন: ১. ইসলামের সাথে ইমানের সম্পর্ক খুবই নিবিড়" কথাটি ব্যাখ্যা কর। ২. কপটতার নিদর্শন গুলো কী কী? ৩. নবি-রাসুলের পার্থক্য বর্ণনা কর। ৪. হাশরের ময়দানে কয় ধরনের শাফায়াত কার্যকর হবে? ব্যাখ্যা কর।	<ul style="list-style-type: none"> বিষয় বস্তুগত জ্ঞান নির্ভুল তথ্য ও যুক্তিসঙ্গত ব্যাখ্যা প্রদানের সক্ষমতা. প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিকভাবে উত্তর লিখনের পারঙ্গমতা ইসলামের মূল বিশ্বাস বিষয়গুলো সম্পর্কে সম্যক ধারণা প্রাসঙ্গিক কুরআন ও সুন্নাহর সম্যক দক্ষতা